



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বিআরটিএ ডবন
নতুন বিমানবন্দর সড়ক, বনাদী, ঢাকা-১২১২।
(ড্রেড সেক্ষনটি শাল্য।)



ନେ-୭୯, ୦୭, ୦୦୦୦, ୦୦୬, ୦୩୩୮୫୮୨୧୦୯

তারিখ: ১২/০১/২০২২ খ্রি।

ପରିଷକ

বিষয়: খাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নকর্ত্ত্বে প্রেরণার মোটরযান চালকদের ডাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়নকালে প্রার্থীর আবেদনগত্ত্বে সাথে সরকারি হাসপাতাল কর্তৃক সম্পাদিত ডোক্টরেল সনদ/রিপোর্ট দাখিল প্রস্তুত।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নকার্যে আগামী ৩০শে জানুয়ারি, ২০২২ থেকে পেশাদার মোটরযান চালকদের ডাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়নকালে প্রার্থীর আবেদনপত্রের সাথে সরকারি হাসপাতাল কর্তৃক সম্পূর্ণাত্মক ডোপটেস্ট রিপোর্ট/সনদ দাখিল করতে হবে। ডোপটেস্ট রিপোর্ট/সনদ পজিটিভ হলে (মাদক দেবনের আলামত পাওয়া গেলে) বা এতে কোনো বিবৃত মন্তব্য থাকলে সেক্ষেত্রে পেশাদার ডাইভিং লাইসেন্স ইস্যু/নবায়ন করা যাবে না। এই ডোপটেস্ট সারাদেশে সকল পর্যায়ের সরকারি হাসপাতালে এবং ঢাকা মহানগরীর ক্ষেত্রে ৬টি প্রতিষ্ঠানে (ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, আর্টিয়ার মানসিক স্বাস্থ্য ইনসিটিউট ও হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ন্যাশনাল ইনসিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার, শের-ই-বাংলা নগর, জাতীয় বক্সব্যাক ইনসিটিউট ও হাসপাতাল, মহাখালী, জাতীয় অর্বোপেডিক হাসপাতাল ও পুরোবিসন প্রতিষ্ঠান (নিটোর), শের-ই-বাংলা নগর, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা) করা যাবে। ইতোমধ্যে এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ১১/০১/২০২২রিঃ তারিখ স্বাঃ অধিঃ/হাস:ঢাকা বিভাগ/বিবিধ-৬/২০২১/১০১ এবং স্বাঃ অধিঃ/হাস:ঢাকা বিভাগ/বিবিধ-৬/২০২১/১০০/১(৪) নং স্মারকে দুটি পত্র জারি করা হয়েছে (পরিশিষ্ট-ক, পরিশিষ্ট-খ)। এছাড়াও, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অধীন/অনুমোদিত কোনো ল্যাব/প্রতিষ্ঠান থাকলে সেখানেও পেশাদার মোটরযান চালকদের ডোপটেস্ট করা যাবে।

২। পেশাদার মোটরযান চালকদের ডোপটেক্ট করার নিমিত্ত বিআরটি'র সংশ্লিষ্ট সার্কেল অফিস হতে সংশ্লিষ্ট হাসপাতাল/প্রতিষ্ঠানের নিকট নির্ধারিত ফরমে (পরিশিষ্ট-গ) অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। ডোপটেক্ট সম্পাদনকারী হাসপাতাল/প্রতিষ্ঠান কর্তৃক ডোপটেক্ট রিপোর্ট/সনদ অনলাইনে (ই-মেইল/ইলেক্ট্রনিক পদ্ধতি) সংশ্লিষ্ট বিআরটি'র সহকারি পরিচালক(ইঞ্জিঃ)/লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে এবং মূলক প্রার্থীর নিকট হস্তান্তর করবে। প্রার্থী উভ ডোপটেক্ট রিপোর্ট/সনদ পেশাদার ড্রাইভিং লাইসেন্স ইস্যু/নথায়নকালে আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করবেন। বিআরটি'র সংশ্লিষ্ট সহকারি পরিচালক(ইঞ্জিঃ)/লাইসেন্সিং কর্তৃপক্ষ ডোপটেক্ট রিপোর্ট/সনদ অনলাইনে যাচাইপূর্বক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। এ বিষয়ে বিআরটি'র সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক(ইঞ্জিঃ) এবং সহকারি পরিচালক(ইঞ্জিঃ)গণ ডোপটেক্ট সম্পাদনকারী সংশ্লিষ্ট হাসপাতাল/প্রতিষ্ঠানের সাথে সমর্থন করবে।

କୃତ୍ୟୁ
ବ୍ୟାଖ୍ୟାତ
ମନ୍ଦିରମାଳା
(ମୁଦ୍ରଣ ପାଇଁ ଅଧିକାରୀ)
ଚିତ୍ରାବ୍ୟାକାର
ଫୋନ୍: ୯୫୦୪୦୨୧୧

विभागीय

১. উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ, বিভাগীয় কার্যালয়.....(সকল বিভাগ)।
 ২. সহকারি পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ,(সকল সার্কেল)।

অংগুলি